মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গ্রহণ ও প্রেরণ শাখা
ডাইরী নং ......২৪০......
তাং......২৪/০২/২২......

BANGLADESH INSTITUTE OF GOVERNANCE AND MANAGEMENT
(Affiliated to the University of Dhaka)
Plot: E-33, Agargaon Administrative Area, Sher-E-Bangla Nagar, Dhaka -1207.

BIGM

Mohammad Tareque PhD (Boston)
Managing Director, Board of Trustees and
Director, BIGM
Former Senior Secretary, Finance Division, GoB
Former Alternate Executivel Director, World Bank
Phone: 880-9140740, Fax: 880-9141231
Cell: 88-01550150677, e-mail: mohammad.tareque@bigm.edu.bd

পত্র সংখ্যা : বিআইজিএম/সেইপ/পিএটিসি/২০২১- ৪(৫৩)

তারিখ ঃ ১১/০১/২০২১ খ্রি.

বিষয়: "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

প্রিয় সচিব,

বাংলাদেশের বিদ্যমান উন্নয়ন গতিধারাকে আরও উন্নীতকরণ তথা বেগবান করার জন্য দক্ষ, উদ্ভাবনী ও সৃজনশীল প্রশিক্ষিত কর্মকর্তা একান্ত আবশ্যক। সার্বিক জনপ্রশাসন ও সংশ্লিষ্ট বেসরকারি খাতের কর্মকর্তাদের মধ্যে উন্নততর দক্ষতা ও মননশীলতার স্ফূরণ ঘটানোর উদ্দেশ্যে "Policy Analysis" শীর্ষক ১০ সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে।

২। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় Bangladesh Institute of Governance and Management (BIGM) – এ এই প্রশিক্ষণ কোর্স পরিচালিত হচ্ছে। এযাবৎ অনুষ্ঠিত ৯টি কোর্সে ২৯১ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং ২৬ জন কর্মকর্তার অংশগ্রহণে ১০ম ব্যাচ চলমান রয়েছে। **১১তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ৭ ফেব্রুয়ারি ২০২১খ্রি. থেকে শুরু হবে।**

৩। অনূর্দ্ধ ৫২ বছর বয়সী সিনিয়র সহকারী সচিব/উপসচিব/যুগ্মসচিব বা সমমর্যাদার সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নীতি নির্ধারণের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তারা কোর্সটিতে অংশগ্রহণ করতে পারবেন।

৪। প্রথম ৬ সপ্তাহে কোর্সটি সপ্তাহে পাঁচ (০৫) দিন শনিবার থেকে বুধবার সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। পরবর্তী ৩ সপ্তাহ সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থী একজন মেন্টরের সহায়তায় পলিসি পেপার প্রস্তুত করবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি নির্দিষ্ট বিষয়ে Policy Draft Paper প্রস্তুত করে উপস্থাপন করবেন। ১০ম সপ্তাহে উক্ত পলিসি পেপার মূল্যায়ন করা হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতি প্রশিক্ষণ দিবসের জন্য যাতায়াত ভাতা হিসেবে পাঁচশত টাকা করে প্রদান করা হবে এবং আহারের ব্যবস্থা করা হবে। প্রশিক্ষণের জন্য কোন কোর্স ফি প্রদান করতে হবে না। এ পর্যন্ত সফল ভাবে কোর্স সম্পন্নকারী প্রশিক্ষণার্থীবৃন্দের প্রস্তুতকৃত ড্রাফট পলিসি পেপার সমূহের মধ্য থেকে বাছাইকৃত সমসাময়িক গুরুত্বপূর্ণ এবং উত্তম মানসম্পন্ন ৬১ টি পেপারের এক্সিকিউটিভ সামারি নিয়ে **"Some Policy Notes : A Path to Development"** শিরোনামে প্রকাশিত পুস্তিকার কপি এ সাথে প্রেরণ করা হল।

৫। **প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষ স্থান অধিকারী ৫-৭ জন কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য সিঙ্গাপুরস্থ Lee Kuan Yew School of Public Policy-তে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।** এছাড়া প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সর্বোত্তম বিবেচিত প্রতিবেদনসমূহের সমন্বয়ে একটি বার্ষিক জার্নাল প্রকাশ করা হবে।

৬। জনপ্রশাসন মন্ত্রণালয় - এর ওয়েব সাইটে (www.mopa.gov.bd) **গত ৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে "সর্বশেষ খবর"** শিরোনামের অধীন প্রকাশিত বিজ্ঞপ্তি ও প্রয়োজনে কোর্সের চীফ কো-অর্ডিনেটর জনাব বণিক গৌর সুন্দর এর মোবাইল ০১৭৫৬ ৫৯৫০০৫ নম্বরে যোগাযোগ করে উক্ত কোর্সে আবেদনের বিস্তারিত তথ্যাদি জানা যাবে। উল্লেখ্য যে, জনপ্রশাসন মন্ত্রণালয় - এর বিজ্ঞপ্তি ও আবেদন ফরম প্রেরণ করা হল।

৭। দক্ষ মানব সম্পদ গড়ার মাধ্যমে প্রতিষ্ঠানের গতি সঞ্চারকল্পে আপনার প্রতিষ্ঠানের মধ্য সোপানের সহকর্মীদের এ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদানক্রমে তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয় ও BIGM - এ প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

সংলগ্নী: বর্ণনামতে।

একান্তভাবে আপনার,

(ড. মোহাম্মদ তারেক)

জনাব রওনক মাহমুদ
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ০৪৪ তারিখ ১৭/১/২১
যুগ্ম-সচিব | যুগ্ম প্রধান
উপ-সচিব (প্রশাসন)/১/২/৩/৪
উপ-প্রধান
সিঃ সঃ সঃ/সহঃ সঃ
প্রশা-৩
স্বাক্ষর

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং: ১০০ তারিখ: ১৪/১/২১

অতিঃসচিব: প্রঃ / প্রাণি:-২ / মৎস্য / পরিকল্পনা	◇ অবিলম্বে ব্যবস্থা নিন
যুগ্মসচিব: প্রাণি:-১ /আইন /মৎস্য-৫	◇ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
যুগ্মসচিব: বু-ই: /প্রশা:-২ /পরিকল্পনা:-১ /২	◇ উপস্থাপন করুন
উপসচিব......................../ বাজেট	◇ আলোচনা করুন
সচিবের একান্ত সচিব	◇ মন্তব্য / মতামত দিন
	স্বাক্ষর

প্রশাসন-৩ অধিশাখা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ডাইরী নং- ৬৯
17 JAN 2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১৭.১৯.০৫

তারিখ: ২২ পৌষ ১৪২৭
০৬ জানুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ১১তম ব্যাচে কর্মকর্তা মনোনয়নের বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" প্রশিক্ষণ কোর্সের ১১তম ব্যাচ আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ হতে শুরু হবে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়েছে।

০২। প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। প্রথম ৬ সপ্তাহ শুধু জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে ধারণা দেওয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহ প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করবেন এবং ১০ম সপ্তাহ চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন করবেন। কোর্স সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

(ক)	উক্ত কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব সমপর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
(খ)	উক্ত কোর্সে ৮ জন নারী কর্মকর্তাসহ মোট ২৫ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।
(গ)	মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন (১০ সপ্তাহ) BIGM-এ সংযুক্ত থাকবেন।
(ঘ)	কোর্সটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক যাতায়াত ভাতা হিসেবে ৫০০/- (পাঁচশত) টাকা ও দুপুরে খাবার দেওয়া হবে।
(ঙ)	শীর্ষস্থান অধিকারী ৫-৭ জন কর্মকর্তাকে দুই সপ্তাহের জন্য সিঙ্গাপুর Lee Kuan Yew School of Public Policy তে নীতিবিষয়ক উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।

০৩। উল্লেখ্য, ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। আগ্রহী কর্মকর্তাগণ আগামী ২৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

৬-১-২০২১
মোঃ আবদুর রউফ মিয়া
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম), ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

<u>আবেদন ফরম</u>

বরাবর
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: <u>'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ১১তম ব্যাচে মনোনয়নের আবেদন।</u>

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত 'Policy Analysis' প্রশিক্ষণ কোর্সের ১১তম ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
০২।	জন্ম তারিখ	:	
০৩।	বয়স (২৫ জানুয়ারি ২০২১ তারিখে)	:	
০৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৬।	চাকরি স্থায়ীকরণের তারিখ	:	
০৭।	শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
০৮।	মোবাইল নম্বর	:	
০৯।	ইমেইল নম্বর	:	

এমতাবস্থায়, আমাকে উল্লিখিত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত,

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর